দৈনিক ইত্তেফাক

তারিখ 24 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

09

# এসএসসি পরীক্ষার মেধা তালিকায় কারচুপির অভিযোগ

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডের এ বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় স্টারপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের কয়েকজন অভিভাবক গতকাল (সোমবার) প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে দুইটি ক্যাডেট কলেজের ছাত্র-ছাত্রীদের মেধা তালিকায়

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## কারচুপির অভিযোগ

(১ম পৃঃ পর)

কুড়িটি স্থান দখলের ঘটনায় সূক্ষ্ম কারচুপির অভিযোগ করেন। তাহারা বিষয়টির পূর্ণাঙ্গ ও নিরপেক্ষ তদন্তের দাবী জানান।

তাহারা দুইটি ক্যাডেট কলেজের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের এবং ৮ শত বা ততোধিক নম্বরপ্রাপ্ত অন্য সকল বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উত্তরপত্রগুলি নিরপেক্ষ ও অভিজ্ঞ পরীক্ষক দল দ্বারা পুনঃ পরীক্ষা করানোর দাবী জানান।

তাহারা অভিযোগ করেন যে, ক্যাডেট কলেজের ছাত্র বা ছাত্রীদের পরীক্ষা কেন্দ্র নিজ কলেজে হওয়ায় এবং উত্তরপত্রে সংশ্লিষ্ট ক্যাডেট কলেজের নাম থাকায় অন্য পরীক্ষার্থীদের চাইতে ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা 'বিশেষ সুবিধা' লাভ করিয়া থাকে, যাহা অবাঞ্ছিত। তাহারা বলেন, ক্যাডেট কলেজসমূহের জন্য আলাদা 'ষ্ট্যাটাস' রাখার নীতি গ্রহণ করা প্রয়োজন হইলে এই কলেজগুলির জন্য আলাদা বোর্ড গঠন করা বাঞ্ছনীয়।

সাংবাদিক সম্মেলনে ৬ জন অভিভাবিকা ও ৮ জন অভিভাবক এবং বেশকিছু ষ্টারপ্রাপ্ত ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল। অভিভাবকদের লিখিত বক্তব্য পাঠ করেন ই এ মাহমুদ। অন্যান্যের মধ্যে এমএ খালেক ভুঁইয়া, মোফলেহউদ্দিন, বিলকিস মাহমুদ উপস্থিত ছিলেন।